

নথি নং-৫-কাস-১২(০১) নিলাম-০১/২০২২/ মূলনথি/২০২২/

তারিখঃ /০২/২০২২ খ্রিঃ।

নিলাম বিক্রয় অনুমোদন

জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৯৩/২০১৯/কাস্টমস, তারিখঃ ২০-০৬-২০১৯ খ্রিঃ মোতাবেক অনুষ্ঠিত নিলাম নং- ০১/২০২২, তারিখঃ ১৯-০১-২০২২খ্রিঃ নিলামের দরপত্র দাতাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্ণিত নিলামের ০৩ (তিন) টি লটের অনুকূলে নিলাম বিক্রয়ের অনুমোদন দেয়া হলো।

ক্র/নং	লট নং	সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা	সর্বোচ্চ দর মূল্য(টাকায়)
০১	০৩	এম কে এন্টারপ্রাইজ, প্রট# ২, ব্লক-এ, বাউনিয়া বাজার, বাদালদি, তুরাগ, ঢাকা	১৩,৫০,০০০/-
০২	০৪	সিয়াম এন্টারপ্রাইজ, প্রট #৬, বাসা# ২৩, সেক্টর-৫, উত্তরা, ঢাকা-১২৩০।	১৭,৫০,০০০/-
০৩	০৫	আবুল কালাম আজাদ, বাসা: ৬৪, গ্রাম - কলিলবগ্ন রোড, দক্ষিণ, গাওয়াইর, আশকোনা, ঢাকা।	৬,৫০,০০০/-

০২। উল্লেখ্য ক্যাটালগে বর্ণিত অনুমোদিত লটের মালামাল খালাস দেয়ার সময় লটের আংশিক মালামাল খালাস দেয়া হবে না। লটের সমুদয় মালামাল একসঙ্গে খালাস নিতে হবে। অনুমোদিত লটসমূহের বিক্রয় অনুমোদন কাস্টম হাউজ, ঢাকা এর নোটিশ বোর্ডে অথবা ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার পর থেকে ১২ (বার) কার্যদিবসের মধ্যে নিলাম ক্রেতাকে অবশ্যই পণ্য গ্রহণ/খালাস নিতে হবে। নিধারিত সময়ের মধ্যে নিলামক্রেতা পণ্য গ্রহণ না করলে বিক্রয় অনুমোদন আপনা/আপনি বাতিল বলে গণ্য হবে এবং উক্ত লটের পণ্য পুনরায় পরবর্তী নিলামে ক্যাটালগভুক্ত করা হবে ও নিলামক্রেতার জামানত রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী শর্তযুক্ত পণ্য শর্তপূরণ সাপেক্ষে খালাসযোগ্য হবে। আমদানি নিষিদ্ধ কোন পণ্য লটভুক্ত থাকলে তা খালাসযোগ্য হবে না। যদি কোন পণ্য খালাসের ক্ষেত্রে অন্য কোন দপ্তরের অনুমতি প্রয়োজন হয়, সেক্ষেত্রে উক্ত দপ্তরের অনুমতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পণ্য খালাস গ্রহণ করতে হবে।

০৩। নিলাম শাখার দায়িত্বে নিয়োজিত রাজস্ব কর্মকর্তা ও সংশ্লিষ্ট গুদাম কর্মকর্তার উপস্থিতিতে মালামাল খালাস নিতে হবে (অফিস চলাকালীন সময়ে)। নিলাম তালিকায় যে লটগুলো অনুমোদিত হয়নি তা পরবর্তী নিলামে অন্তর্ভুক্ত করা হবে এবং নিলামে দাখিলকৃত পে-অর্ডার / ব্যাংক ড্রাফট ফেরৎ দেয়া হবে।

০৪। নিলাম শাখার অন্যান্য শর্ত বলবৎ থাকবে।

স্বাক্ষর

মোঃ সানোয়ারুল কবির

ডেপুটি কমিশনার

কমিশনারের পক্ষে-

তারিখঃ ০৩/০২/২০২২খ্রিঃ।

নথি নং-৫-কাস-১২(০১) নিলাম-০১/২০২২/ মূলনথি/২০২২/১৯৫৬(১৫)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। ডেপুটি/সহকারী কমিশনার, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।
- ০২। ডেপুটি/সহকারী কমিশনার, কুরিয়ার ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক (কার্গো) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ০৪। রাজস্ব কর্মকর্তা (নিলাম) কাস্টম হাউস, ঢাকা।
- ০৫। গুদাম কর্মকর্তা, রাষ্ট্রীয় গুদাম-১/২/৩ এবং ট্রানজিট ও মূল্যবান গুদাম, কাস্টম হাউস, ঢাকা। তাকে নিলাম শাখায় দায়িত্বরত রাজস্ব কর্মকর্তার উপস্থিতিতে অনুমোদনকৃত ও IPO নিষ্পত্তি হয়েছে নিশ্চিতপূর্বক (শর্তযুক্ত পণ্য শর্তপূরণ সাপেক্ষে) লটের মালামাল সরবরাহ দেওয়া জন্য বলা হলো।
- ০৬। রাজস্ব কর্মকর্তা (সদর) কাস্টম হাউস, ঢাকা। নোটিশটি এ দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ।
- ০৭। ট্রেজারী অফিসার, কাস্টম হাউস, ঢাকা।
- ০৮। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। পি এ টু অতিরিক্ত কমিশনার ১/২, কাস্টম হাউস, ঢাকা (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। মেসার্স আজ্জমান সিন্ডিকেট, (সরকারি নিলামকারী, ১২৯, কোরবানীগঞ্জ, বলুয়ার দীঘির দক্ষিণ পাড়, চট্টগ্রাম।
- ১১। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, ঢাকা।

মোঃ সানোয়ারুল কবির
ডেপুটি কমিশনার